বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

জনসংযোগ বিভাগ

**৩১ আগস্ট, ২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৭৯তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ৩১ আগস্ট, ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভার সভাপতি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আব্দুস সুলতান সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। শুরুতে তিনি সকল কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন যে, ওয়ার্কওভার কাজে ব্যবহৃত রিগ-এর প্রতিটির জন্য কোম্পানির প্রায় ৫০ কোটি টাকা ভাড়া প্রদেয় হয়। বর্তমানে কোম্পানির অনেকগুলো ওয়ার্কওভার কর্মপরিকল্পনা রয়েছে বিধায় ১টি ওয়ার্কওভার রিগ কেনা যায় কী না, এ বিষয়ে আলোচনা-পর্যালোচনা করে পরবর্তী সমন্বয় সভায় সুচিন্তিত মতামত প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রতি অনুরোধ জানান। অতঃপর পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক এবং সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড-ইনচার্জগণের প্রতি সালাম ও শুভেচ্ছা জানিয়ে কোম্পানি সচিব জুলাই ২০২৩ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | | |
| ২.১। | কোম্পানির ভূমি ও Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা অব্যাহত রাখতে হবে।<br><br>ব্রাহ্মণবাড়িয়া সদর এলাকার Right of way সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ডিজিএম (নিরাপত্তা) সভাকে অবহিত করেন যে, কোম্পানির ব্রাহ্মণবাড়িয়াস্থ Right of way তে নতুনভাবে কোনো সমস্যা পরিলক্ষিত হয়নি। পূর্বেকার প্রায় সব স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। নদীতে ড্রেজিং কাজ ২০০ ফিট দুরত্ব বজায় রেখে করার জন্য নদীর উপর লাল নিশান টানানো হয়েছে। প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of way-র উপর বিদ্যমান স্থাপনা উচ্ছেদে সহযোগিতা চেয়ে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনকে পত্র প্রদানের পাশাপাশি যোগাযোগ অব্যাহত আছে। | কোম্পানির ভূমি ও Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে এবং প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of way-র উপর বিদ্যমান স্থাপনা উচ্ছেদে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (প্রশাসন)/(টিএস) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.২। | বাখরাবাদ ফিল্ডের বাজার এলাকায় কোম্পানির ভূমি দখলমুক্ত রাখতে হবে।<br><br>বাখরাবাদ ফিল্ড সংলগ্ন জাতীয় হাইপ্রেসার পাইপলাইন থাকা Right of way-র উপর পাবলিক স্থাপনা থাকার বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডের বাজার এলাকায় কোম্পানির ভূমি দখলমুক্ত করা হয়েছে এবং এলাকাটি বর্তমানে সার্বিক নজরদারিতে রাখা হয়েছে।<br><br>বাখরাবাদ-পান্নারপুল সড়কের পাশ দিয়ে সালদানদী গ্যাস ফিল্ডের হাইপ্রেসার পাইপলাইন রয়েছে। উক্ত Right of way-র উপর পাবলিক স্থাপনা দেখা গেছে। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | বাখরাবাদ-পান্নারপুল সড়কের একপাশে সালদানদী গ্যাস ফিল্ডের হাইপ্রেসার পাইপলাইন থাকায় উক্ত Right of way-র উপর পাবলিক স্থাপনা থাকার বিষয়টি সংশ্লিষ্ট কোম্পানিকে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) |
| ২.৩। | মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সরকারি-বেসরকারী আমীনের সমন্বয়ে সম্পাদন। | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সম্পাদনের জন্য ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ হয়েছে। উক্ত সার্ভে কাজে সহযোগিতা করতে সরকারি আমীন প্রেরণ করা হবে মর্মে জেলা প্রশাসন জানিয়েছে। | মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সরকারি-বেসরকারী আমীনের সমন্বয়ে সম্পাদনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ২.৪। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখা। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখার লক্ষ্যে ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | কামতা ফিল্ডের Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখার লক্ষ্যে ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পাশাপাশি প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (সিজি)/প্রশাসন এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও সংশ্লিষ্ট কমিটি |
| ২.৫। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য প্রয়োজনীয় পেট্রোল ও ডিজেল সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির জন্য যমুনা অয়েল কোম্পানী লিঃ হতে পেট্রোল ও ডিজেল সংগ্রহের কার্যক্রম সম্পাদনের জন্য একটি স্ট্যান্ডিং কমিটি গঠন করা হয়েছে। কমিটির মাধ্যমে চলতি মাস থেকে প্রয়োজনানুযায়ী নিয়মিতভাবে পেট্রোল ও ডিজেল সংগ্রহ করা হবে। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য তিতাস ফিল্ডের ফুয়েল পাম্পে সংরক্ষণের নিমিত্ত যমুনা অয়েল কোম্পানী লিঃ-হতে পেট্রোল ও ডিজেল সংগ্রহ করতে হবে। | মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (তিতাস)/ (এসটিআইসি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৬। | তিতাস-বি লোকেশনের মেইন গেইট এবং রেস্ট হাউজ এলাকার মধ্যবর্তী স্থানে ২/৩টি সিসিটিভি স্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি তিতাস-বি মেইন গেইট থেকে রেস্ট হাউজ এলাকা পর্যন্ত ৩টি পোষ্ট এবং ৮ টি ক্যামেরা স্থাপন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করে। পাশাপাশি সকল সিসিটিভি-র স্থাপন, মনিটরিং এবং রক্ষণাবেক্ষণের দায়িত্ব সুনির্দিষ্ট হওয়া প্রয়োজন মর্মে কমিটির সদস্য উপমহাব্যবস্থাপক (ইএমটি) সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি ব্রাহ্মণবাড়িয়াস্থ অফিস/স্থাপনায় স্থাপিত সিসিটিভিসমূহের সার্বিক তথ্য সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করা হয়। | • তিতাস-বি মেইন গেইট থেকে রেস্ট হাউজ এলাকা পর্যন্ত প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি স্থাপন করতে হবে।<br><br>• ব্রাহ্মণবাড়িয়াস্থ অফিস/ স্থাপনায় কতটি সিসিটিভি স্থাপন করা হয়েছে এবং বর্তমানে কতটি সচল আছে, এ সকল তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>• সিসিটিভি-র বাজেট, মনিটরিং ও কার্যাদেশ প্রদান সংক্রান্ত কার্যক্রম নিরাপত্তা বিভাগের অধীন এবং স্থাপন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম আইসিটি বিভাগের অধীন থাকবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(মেইটেন্যান্স ও আইসিটি) এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ |
| ২.৭। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/ স্থাপনার স্ক্র্যাপ মালামাল দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডের লোকেশন-এ তে কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় প্রসেস প্লান্ট স্থাপন কাজ সমাপ্ত হয়েছে বিধায় দ্রুত সাইট ক্লিনিং করার বিষয়ে ঠিকাদার প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/ স্থাপনার স্ক্র্যাপ মালামাল দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>তিতাস-এ তে কম্প্রেসর স্থাপন কাজ সমাপ্ত হয়েছে বিধায় ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক দ্রুত সাইট ক্লিনিংয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক ( অপারেশন) / সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ<br>এবং<br>উপমহ্যাবস্থাপক (তিতাস) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২.৮। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়নের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়ন করা হয়েছে এবং তিতাস ফিল্ডের নবায়ন কাজ প্রক্রিয়াধীন আছে। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়নের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ২.৯। | ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ করে সভায় অভিহিত করতে হবে। | ফেণী ফিল্ডের ভূমি সংক্রান্ত এবং অন্যান্য লাইসেন্সের ফিস পরিশোধ কার্যক্রম বিজিএফসিএল কর্তৃক সম্পাদিত হচ্ছে বিধায় ফিল্ডটির আপডেট তথ্য সম্পর্কে কোম্পানির অবহিত থাকা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। আলোচনাকালে ফেণী গ্যাস ফিল্ড-এ বিজিএফসিএল-এর একটি সাইনবোর্ড স্থাপন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | বাপেক্স-এর সাথে যোগাযোগপূর্বক ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ করে সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ফেণী গ্যাস ফিল্ড-এ বিজিএফসিএল-এর একটি সাইনবোর্ড স্থাপন করা যেতে পারে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ (এস্টেট) |
| ২.১০। | নরসিংদী ফিল্ড : | | | |
| | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের এক্যুইজিশন পেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে দালান-কোঠা অপসারণ। | উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের অধিগ্রহণতব্য ভূমির এক্যুইজিশন পেমেন্ট সহসাই পরিশোধ করা হবে মর্মে জানা গেছে । | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের এক্যুইজিশন পেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে দালান-কোঠা অপসারণের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপন কার্যক্রম সম্পন্ন শেষে প্রাপ্ত পানির নমুনা বুয়েট থেকে পরীক্ষা করা হয়েছে। নমুনা যথাযথ না পাওয়ায় ETP-র মডিফিকেশন কার্যক্রম সম্পাদনপূর্বক পানি পরীক্ষার জন্য বলা হয়েছে। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস) |
| ৩.২। | তিতাস ফিল্ডের ECC নবায়ন কার্যক্রম ইএস বিভাগ কর্তৃক সম্পাদন করতে হবে।<br><br>হবিগঞ্জ, নরসিংদী, মেঘনা ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, অচিরেই তিতাস ফিল্ডের Environmental Clearance Certificate (ECC) নবায়ন কার্যক্রম গ্রহণ করা হবে ।<br><br>মেঘনা, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের Fire License-এর সংগ্রহের বিষয়ে একটি প্রফেশনাল প্রতিষ্ঠান ফিল্ড পরিদর্শন করে গেছে। তাদের মাধ্যমে Fire Plan প্রণয়ন, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ এবং বাস্তবায়নের পর লাইসেন্সের আবেদন করতে হবে। এর জন্য প্রায় ৮-১০ লক্ষ টাকা প্রয়োজন হতে পারে মর্মে সভাকে জানানো হয়। | তিতাস ফিল্ডের Environmental Clearance Certificate (ECC) নবায়ন কার্যক্রম ইএস বিভাগ কর্তৃক দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>হবিগঞ্জ, নরসিংদী, মেঘনা ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| ৩.৩। | তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার রিগ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-২৪নং কূপ ওয়ার্কওভার সম্পন্ন হয়েছে। উক্ত কূপ এলাকাটি অত্যন্ত সংকীর্ণ বিধায় সুষ্ঠু অপারেশনাল কার্যক্রমের স্বার্থে রিগটি দ্রুত অপসারণ করা প্রয়োজন। | তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার রিগ অপসারণ এবং ফিল্ডের প্রয়োজনীয় মডিফিকেশন কাজ সম্পাদনের জন্য বাপেক্স-কে পত্র প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (তিতাস) |
| ৩.৪। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানির ডিভিশন ও বিভাগসমূহ সচেষ্ট আছে। APA এর আওতাধীন NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, সেবা প্রদান প্রতিশ্রুতি, RTI প্রভৃতির কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৫। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) | সভাকে অবহিত করা হয় যে, APA এর অধীন উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় গৃহীত পদক্ষেপসমূহ কার্যকর রাখার বাধ্যবাধকতা আছে। ফলে, উদ্ভাবনী কমিটি কর্তৃক ক্রয়কৃত ওয়েববেইজড্ ইন্টারনাল ওয়ার্কওর্ডার সফট্ওয়্যারটির মাধ্যমে সকল প্রকার অভ্যন্তরীণ কাজের নির্দেশপত্র প্রেরণের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন। | ওয়েববেইজড্ ইন্টারনাল ওয়ার্কওর্ডার সফট্ওয়্যারটির মাধ্যমে সকল প্রকার অভ্যন্তরীণ কাজের নির্দেশপত্র প্রেরণ করতে হবে।<br><br>উক্ত সফট্ওয়্যারটির লিংক সংক্রান্ত নোটিশ পুনরায় জারি করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪.০। | রক্ষণাবেক্ষণ ডিভিশন : | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি | কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ের জন্য একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার প্রণয়ন করা প্রয়োজন। এ বিষয়ে একটি খসড়া প্রস্তাবনা উপস্থাপনের জন্য সভায় নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের আলোচনা হয়ঃ<br>১। জিএম (মেইন্টঃ ও আইসিটি)-আহ্বায়ক<br>২। ডিজিএম (আইসিটি)<br>৩। ডিজিএম (এফসি)<br>৪। ডিজিএম (ইএমটি)<br>৫। ডিজিএম (একাউন্টস)<br>৬। ব্যবস্থাপক (আইডব্লিউটি)<br>৭। ব্যবস্থাপক (জনসংযোগ) | কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফট্ওয়ারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার প্রণয়নের খসড়া প্রস্তাবনা উপস্থাপনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলোঃ<br>১। জিএম (মেইন্টঃ ও আইসিটি)-আহ্বায়ক<br>২। ডিজিএম (আইসিটি)<br>৩। ডিজিএম (এফসি)<br>৪। ডিজিএম (ইএমটি)<br>৫। ডিজিএম (একাউন্টস)<br>৬। ব্যবস্থাপক (আইডব্লিউটি)<br>৭। ব্যবস্থাপক (জনসংযোগ) | মহাব্যবস্থাপক (মেইন্টঃ ও আইসিটি) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৫.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | | |
| ৫.১। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট কমিটিসমূহের প্রতিবেদন উপস্থাপন। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট ৩টি কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট কমিটিসমূহের প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) |
| ৫.২। | কোম্পানির ভূ-সম্পত্তির এসএ এবং বিএস রেকর্ড যথাযথ আছে কী না, সে বিষয়ে সংশ্লিষ্ট ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (এস্টেট) সভাকে অবহিত করেন যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার জন্য মিস-কেস করাসহ বিভিন্ন কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হচ্ছে। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার জন্য মিস-কেস করাসহ প্রয়োজনীয় যে কোন কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>এ সংক্রান্ত সার্বিক তথ্য-উপাত্ত কর্তৃপক্ষ বরাবর পেশ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| ৬.০। | প্রশাসন ডিভিশন: | | | |
| ৬.১। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখে কোনরূপ পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সেটি/সেগুলো স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন/সংস্থাপন বিভাগকে জানাতে হবে। | • কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারের ওয়েব লিংক অবহিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি পুনরায় জারি করতে হবে।<br><br>• উক্ত সফটওয়্যারে তথ্য-উপাত্তের পরিবর্তন/ সংশোধনের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন/ সংস্থাপন বিভাগকে জানাতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন) |
| ৬.২। | কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ সংশোধন প্রস্তাবনা মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন। | কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে কমিটি কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.৩। | কোম্পানির অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা যেতে পারে। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির কাজের স্বার্থে বিভিন্ন ডিভিশন/বিভাগ/শাখা হতে কম্পিউটারের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হচ্ছে। | কোম্পানির অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে এবং আইসিটি বিভাগের অবগতিক্রমে যাচিত সংখ্যক কম্পিউটার (এক্সেসরিজসহ) সংগ্রহ করা যেতে পারে। | সকল মহাব্যবস্থাপক |
| ৬.৪। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬.৫। | ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | গত ১৭-৪-২০২৩ তারিখ হতে কোম্পানিতে ডি-নথি চালু করা হয়েছে। | ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | মহাব্যবস্থাপক ( প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ৬.৬। | নিরাপত্তা বিভাগ : | | | |
| | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>প্রধান কার্যালয়সহ বিভিন্ন ফিল্ডে দর্শনার্থী/ বহিরাগত প্রবেশের ক্ষেত্রে কোম্পানির প্রচলিত নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br><br>কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার স্বার্থে কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা অনুষ্ঠান এবং পরিদর্শন কার্যক্রম প্রতিমাসে সম্পাদন প্রয়োজন। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা এবং পরিদর্শন কার্যক্রম প্রতিমাসে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৬.৭। | মেডিক্যাল বিভাগ : | | | |
| | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে।<br><br>বর্তমানে ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দেয়ায় সচেতনতা এবং প্রতিরোধ কার্যক্রম জোরদার করার বিষয়ে কোম্পানির অ্যাসিসটেন্ট চিফ মেডিক্যাল অফিসার সভায় অভিমত দেন। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে।<br><br>মশক নিধন কার্যক্রমের জন্য ফিল্ডসমূহ বাজেটে অর্থের সংস্থান রেখে ফগার মেশিন ক্রয় করতে পারে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৭.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | | |
| ৭.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

পরিশেষে সভাপতি ধৈর্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
০২ শ্রাবণ, ১৪৩০
১৭ জুলাই, ২০২৩

২৫-০৯-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৩.১২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
২। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিজিএফসিএল;
৫। ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। ব্যবস্থাপক(উন্নয়ন) ও প্রকল্প সমন্বয়ক, উন্নয়ন শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৭। ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৮। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৯। উপ-ব্যবস্থাপক, কামতা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

২৫-০৯-২০২৩
মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) IMG_20230924_0001